# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ সফরের আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

চড়ার শুরুতে ‘বিসমিল্লাহ’ বলুন

যানবাহনে চড়লে চড়ার শুরুতে ‘বিসমিল্লাহ’ বলুন। চড়ে বসে বলুন, ‘আলহামদু লিল্লাহ’। অতঃপর নিম্নের আয়াত পাঠ করুন,

سُبْحَانَ الَّذِيْ سَخَّرَ لَنَا هذَا وَمَا كُنَّا لَهُ مُقْرِنِيْنَ، وَإِنَّا إِلى رَبِّنَا لَمُنْقَلِبُوْنَ

অর্থঃ পবিত্র ও মহান তিনি যিনি একে আমাদের বশীভূত করে দিয়েছেন, অথচ আমরা একে বশীভূত করতে সমর্থ ছিলাম না। আমরা আমাদের প্রতিপালকের দিকে অবশ্যই প্রত্যাবর্তন করব।[1]

অতঃপর ‘আলহামদু লিল্লা-হ’ ৩বার, ‘আল্লাহু আকবার’ ৩বার পড়ে নিম্নের দু‘আ পড়ুন,

سُبْحَانَكَ اللّهُمَّ إِنِّيْ ظَلَمْتُ نَفْسِيْ فَاغْفِرْ لِيْ، فَإِنَّهُ لاَ يَغْفِرُ الذُّنُوْبَ إِلاَّ أَنْتَ

উচ্চারণঃ সুবহা-নাকাল্লা-হুম্মা ইন্নী যালামতু নাফসী ফাগফির লী, ফাইন্নাহু লা য়্যাগফিরুয্ যুনূবা ইল্লা আন্‌তা।

অর্থঃ তুমি পবিত্র হে আল্লাহ! নিশ্চয় আমি নিজের প্রতি যুলুম করেছি অতএব তুমি আমাকে মাফ করে দাও। যেহেতু তুমি ছাড়া আর কেউ গোনাহ মাফ করতে পারে না।[2]

(প্রকাশ থাকে যে, জলজাহাজে বা নৌকায় চড়ে দু‘আর হাদীসটি যয়ীফ।)

ফুটনোট

[1]. সূরা যুখরুফ১৩-১৪

[2]. আবূ দাঊদ ৩/৩৪, হা/২৬০২, সহীহ তিরমিযী ৩/১৫৬

Source — https://www.hadithbd.com/books/link/?id=7944

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন